গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২৫) অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব রেজওয়ানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
তারিখ : ১৩-০১-২০২৬ খ্রি.
সময় : বিকাল ০২:০০ টা
স্থান : সভাকক্ষ (২য় তলা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা, পূর্বতন সভার সিদ্ধান্তসমূহের ভিত্তিতে গৃহীত কার্যক্রমের অগ্রগতি ও পরবর্তী কার্যক্রম বিষয়ে পরিকল্পনা তুলে ধরেন। পরবর্তীতে প্রকল্পের অগ্রগতি, কার্যক্রম ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের উপর সকলের মতামত আহ্বান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভূত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি এবং বর্তমানে চলমান ও পরবর্তী ত্রৈমাসিকের পরিকল্পিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ২। | বন্যার আগাম সতর্কবার্তা প্রচারকে অন্তর্ভুক্তিমূলক করা | আগাম সতর্কবার্তা প্রচার ব্যবস্থায় অন্তর্ভুক্ত করার জন্য বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের তথ্য চেয়ে সমাজসেবা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। আগামী বন্যা মৌসুমের পূর্বে এ সকল নম্বর সংগ্রহ করে ভয়েস মেসেজ পোর্টালে অন্তর্ভূক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী বন্যা মৌসুমের পূর্বে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের ফোন নম্বর সংগ্রহ করে ভয়েস মেসেজ পোর্টালে অন্তর্ভূক্ত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | রিজিওনাল কোর্ডিনেটর ও প্রোগ্রাম ম্যানেজার/ উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস) |
| ৩। | ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন প্ল্যাটফর্ম ডেভেলপমেন্ট | বন্যা ও অন্যান্য দুর্যোগের আগাম সতর্কবার্তা ও ঝুঁকি-সংক্রান্ত তথ্য অংশীজনদের নিকট সহজে পৌঁছে দেওয়ার লক্ষ্যে প্রকল্পের আওতায় উন্নয়নাধীন ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন প্ল্যাটফর্মের বিভিন্ন ফিচার ও প্রাপ্ত তথ্যসেবাসমূহ সভায় উপস্থাপন করা হয়। সভায় অবহিত করা হয় যে, বর্তমানে অ্যাপ্লিকেশনটিতে তথ্য সংযোজনের কাজ চলছে।<br>সভায় বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (BMD) ও বন্যা পূর্বাভাস সতর্কীকরণ কেন্দ্র (FFWC)-র সাথে পরামর্শক্রমে রাইমসের সহযোগিতায় তৈরি | ক) সভায় প্রাপ্ত মতামত ও সুপারিশের ভিত্তিতে পরবর্তী ডেভেলপমেন্টের কাজ দ্রুত সমাপ্ত করে অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত গ্রহণের নিমিত্ত একটি পরামর্শ সভা আয়োজন করতে হবে।<br><br>খ) প্ল্যাটফর্মটির বিষয়ে সকলকে অবগত করতে এবং এর ব্যাপক প্রচার নিশ্চিতে অ্যাপ্লিকেশনটির | আইসিটি স্পেশালিস্ট, প্রোগ্রাম ম্যানেজার ও টিম লিডার/ উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বজ্রপাতের সতর্কবার্তা এবং FFWC-এর ৩-দিনের ফ্ল্যাশ ফ্লাডের পূর্বাভাস অ্যাপ্লিকেশনটিতে সংযোজনের পরামর্শ দেওয়া হয়। এছাড়াও দুর্যোগে প্রাণহানী রোধে এধরনের আগাম সতর্কীকরণ সেবার বিষয়ে সর্বসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির বিষয়টি সভায় গুরুত্বসহকারে উপস্থাপন করা হয়। | উপর একটি সংক্ষিপ্ত লিখিত বিবরণ প্রস্তুত করতে হবে।<br><br>গ) BMD ও FFWC-র সাথে পরামর্শক্রমে যথাক্রমে ফ্ল্যাশ ফ্লাড পূর্বাভাস ও বজ্রপাতের সতর্কতামূলক বুলেটিন অ্যাপ্লিকেশনটিতে সংযোজন করতে হবে। | |
| ৪। | কিয়স্ক ড্যাশবোর্ডগুলো সক্রিয় রাখা | প্রকল্প-পরবর্তী পর্যায়ে কিয়স্ক ড্যাশবোর্ড ও অ্যাপ্লিকেশন থেকে সার্বক্ষণিক সেবা পেতে ড্যাশবোর্ডগুলো সক্রিয় রাখা ও রক্ষণাবেক্ষণের ব্যয় অধিদপ্তরের নিয়মিত বাজেট থেকে নির্বাহ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | এ বিষয়ে আলোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণের জন্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে জানুয়ারির শেষ সপ্তাহে একটি সভা আয়োজন করতে হবে। | উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) ও আইসিটি স্পেশালিস্ট |
| ৫। | লোকেশন ভিত্তিক ভয়েস মেসেজ প্রেরণ | কমিউনিটি পর্যায়ে লোকেশন ভিত্তিক ভয়েস বার্তা প্রেরণের বিষয়টি পরীক্ষা করার জন্য মোবাইল অপারেটর গ্রামীণফোন থেকে নেওয়া ট্রায়াল অ্যাকাউন্টের মাধ্যমে প্রকল্প এলাকার কিছু ইউনিয়নে পরীক্ষামূলকভাবে ভয়েস বার্তা প্রেরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও টেলিটক বাংলাদেশ লিমিটেডের সাথে ভয়েস বার্তা সেবার বিষয়ে আলোচনা চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | জানুয়ারি ২০২৬-এর মধ্যে প্রকল্প এলাকার বিভিন্ন উপজেলার কয়েকটি ইউনিয়নে পরীক্ষামূলকভাবে শৈত্য প্রবাহ বা দৈনিক আবহাওয়ার তথ্য অথবা দুর্যোগের/বন্যার সিমুলেশন হিসেবে ভয়েস বার্তা প্রচার করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার / উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) |
| ৬। | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির প্রশিক্ষণ | প্রকল্পের আওতায় বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে স্থানীয় পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহের প্রথম ধাপের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। কমিউনিটি পর্যায়ে বন্যার আগাম সতর্কবার্তার প্রচারকে আরও জোরদার করতে রিফ্রেশার প্রশিক্ষণে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহের সদস্যদের অগ্রাধিকার দেয়ার বিষয়ে আলোচনা হয়। | সকল উপজেলায়, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহের সদস্যদের অগ্রাধিকার দিয়ে ফেব্রুয়ারি'২৬ এর তৃতীয় সপ্তাহ থেকে রিফ্রেশার প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | রিজিওনাল কোর্ডিনেটর ও প্রোগ্রাম ম্যানেজার |
| ৭। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধি বিষয়ক | বর্তমান ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ জুন ২০২৬ পর্যন্ত হওয়ায়, এলজিইডি'র প্রতিনিধি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কার্যক্রম সম্পাদন ও হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করার প্রয়োজনীয়তার বিষয়টি উল্লেখ করেন। একইসঙ্গে, প্রকল্পের চলমান কার্যক্রম ও দৃশ্যমান অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালককে অবহিত | ফেব্রুয়ারি'২৬-এর প্রথম সপ্তাহের মধ্যে সংশ্লিষ্টদের নিয়ে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) ও প্রোগ্রাম ম্যানেজার/ উপ-প্রকল্প |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করার লক্ষ্যে আলোচনার নিমিত্ত মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, আর্থিক সহযোগী সংস্থা ইফাদ (IFAD) এবং প্রকল্প পরিচালকসহ এলজিইডি'র প্রতিনিধিদের নিয়ে একটি সমন্বয় সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | | সমন্বয়ক (জিআইএস) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২-০১-২৬

**(রেজওয়ানুর রহমান)**
মহাপরিচালক
ফোন: ০২-৫৮৮১৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ১০. ক

তারিখ: ২২-০১-২০২৬ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
০৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। উপ-প্রকল্প সমন্বয়ক (ICT/GIS-RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৫। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৬। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। পি এ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। অফিস কপি/গার্ড ফাইল।

**(নিতাই চন্দ্র দে সরকার)**
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম)